# ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ ২০১৫-২০১৬

## বাংলা

১. Reflections on the Revolution in France গ্রন্থের লেখকের নাম-
ক. রিচার্ড বার্ক খ. ভলতেয়ার
গ.এডমন্ড বার্ক ঘ. পার্ল এস বার্ক

ব্যাখ্যা: এডমন্ড বার্ক ছিলেন বিখ্যাত ব্রিটিশ দার্শনিক। তার বিখ্যাত গ্রন্থ Reflections on the Revolution in France, On American Taxation, A Vindication of Natural Socity.
সঠিক উত্তর ঃ গ.

২. 'সাব-ইনস্পেক্টরের দ্বিতীয় বউ আমার এক রকম আত্মীয়া।' "একটি তুলসী গাছের কাহিনী" গল্পে এই উক্তিটি করেছেন-
ক. মোদাব্বের খ. আমজাদ
গ. মতিন ঘ. কাদের

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ ঘ.

৩. 'কিন্তু মৃত্যুঞ্জয় তো পল্লীগ্রামেরই ছেলে, পাড়াগাঁয়ের ..... তো মানুষ।' "বিলাসী" গল্পের এ বাক্যের শূন্যস্থানে আছে-
ক. আলো-বাতাসেই খ. জলে-কাদায়
গ. তেলে-জলেই ঘ. খেয়ে-পরেই

ব্যাখ্যা: 'বিলাসী' গল্পের উদ্বৃতি-
"বিলাসীর আত্মহত্যার ব্যাপারটা অনেকের কাছে পরিহাসের বিষয় হইল। আমি প্রায় ভাবি, এ অপরাধ হয়ত ইহারা উভয়েই করিয়াছিল, কিন্তু মৃত্যুঞ্জয় তো পল্লিগ্রামেরই ছেলে, পাড়াগাঁয়ের তেলে-জলেই তো মানুষ। তবু অত বড় দুঃসাহসের কাজে প্রবৃত্ত করিয়াছিল তাহাকে যে বস্তুটা সেটা কেহ একবার চোখ মেলিয়া দেখিতে পাইল না?"
সঠিক উত্তর ঃ গ.

৪. চন্দ্রবিন্দুর ভুল প্রয়োগ ঘটেছে কোনটিতে-
ক. কাঁধ খ. সাঁকো গ. আঁকাবাঁকা ঘ. কাঁচ

ব্যাখ্যা: নাসিক্য বর্ণ (ঙ, ঞ, ন, ণ, ম) এর পরিবর্তে ঁ বসে।
কাচ = কচ্ + অ; এতে নাসিক্য ধ্বনির কোন ব্যবহার নেই, তাই এ শব্দে চন্দ্রবিন্দু হবে না।
সঠিক উত্তর ঃ ঘ.

৫. 'চৌচালা টিনের ঘরের টুয়া সুস্পষ্ট।' "কলিমদ্দি দফাদার" গল্পে ব্যবহৃত 'টুয়া' হচ্ছে-
ক. কাছারি খ. আস্তানা গ. শীর্ষভাগ ঘ. আঙিনা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ গ.

৬. Discriminatory- এর পারিভাষিক শব্দ-
ক. বৈষম্য খ. বৈষম্যমূলক
গ. গরমিল ঘ. বিশৃঙ্খল

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ

| | |
|---|---|
| Obligatory - বাধ্যতামূলক | Notified - প্রজ্ঞাপিত |
| Notation - স্বরলিপি | Longitude - দ্রাঘিমা |
| Scroll - নির্ঘন্ট | Philatelist - ডাক টিকেট সংগ্রহকারী |
| Patron - পৃষ্ঠপোষকতা | Livestock - পশুপালন |
| Brochur - পুস্তিকা | Discriminatory - বৈষম্যমূলক |

সঠিক উত্তর ঃ খ.

৭. 'যেমন হাসতে পারতো ছেলেটা, তেমনি গল্প করার ব্যাপারেও ছিল ওস্তাদ'- কার সম্পর্কে বলা হয়েছে?
ক. অপু খ. মোদাব্বের
গ. এনায়েত ঘ. তপু

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ ঘ.

৮. 'কাদম্বিনী' অর্থ-
ক. নদী খ. রাত্রি
গ. মেঘমালা ঘ. নারী

ব্যাখ্যা: মেঘ - জলদ, বারিদ, অভ্র, কাদম্বিনী, তোয়দ, পয়োধর, জীমূর্ত, ঘন, নীরদ, ইত্যাদি
সঠিক উত্তর ঃ গ.

৯. 'গবাদি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. গবা + আদি খ. গো + আবাদি
গ. গো + আদি ঘ. গবা + দি

ব্যাখ্যা: গো + আদি = গবাদি
একইরূপ ঃ পো + অন = পবন; পো + ইত্র = পবিত্র
ভো + অন = ভবন; শে + অন = শয়ন
লো + অন = লবণ; গো + এষণা = গবেষণা
সঠিক উত্তর ঃ গ.

১০. 'সে সৎ, কিন্তু তার ভাই অসৎ।' বাক্যটি-
ক. সরল খ. জটিল
গ. যৌগিক ঘ. মিশ্র

ব্যাখ্যা: প্রশ্নে কিন্তু আছে, তাই বাক্যটি যৌগিক বাক্য।
সঠিক উত্তর ঃ গ.

১১. *সনেট পঞ্চাশৎ* কার রচনা?
ক. মাইকেল মধুসূদন দত্ত খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. আবদুল কাদির ঘ. প্রমথ চৌধুরী

ব্যাখ্যা: প্রমথ চৌধুরী সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য -
- ১৮৬৮ সালের ৭ আগস্ট যশোর জেলায় জন্মগ্রহণ করেন।
- পৈতৃক নিবাস - পাবনা জেলার হরিপুরে।
- তিনি বাংলা চলিত গদ্যরীতির প্রবর্তক।
- চলিত ভাষার প্রথম সংবাদপত্র 'সবুজপত্রের' সম্পাদক ছিলেন।
- গদ্যগ্রন্থ - চার ইয়ারি কথা, বীরবলের হালখাতা, রায়তের কথা, তেল-নুন-লাকড়ি।
- কাব্যগ্রন্থ - সনেট পঞ্চাশৎ
- ১৯৪৬ সালে শান্তিনিকেতনে মৃত্যুবরণ করেন।

সঠিক উত্তর ঃ ঘ.

১২. 'করপল্লব' কোন সমাস?
ক. উপমান কর্মধারয় খ. উপমিত কর্মধারয়
গ. তৎপুরুষ ঘ. বহুব্রীহি

ব্যাখ্যা: কর পল্লবের ন্যায় - করপল্লব - উপমিত কর্মধারয় সমাস।
আরো কিছু উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ -
করকমল, চাঁদমুখ, নয়নপদ্ম, হাঁড়িমুখ, নরসিংহ, বদ্বীপ, রক্তকমল, ইত্যাদি।
সঠিক উত্তর ঃ খ.

১৩. শাস্ত্রকারেরা গার্হস্থ্য ব্যাপারটিকে কী হিসেবে কল্পনা করেছেন?
ক. হস্ত খ. পদ
গ. মস্তক ঘ. চক্ষু

সঠিক উত্তর ঃ গ.

১৪. 'অনুবন্ধ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. অনুরোধ খ. সানুগ্রহ
গ. সূত্রপাত ঘ. অটুট

ব্যাখ্যা: অনুবন্ধ - অবতারণা, উদ্যোগ, অনুরোধ, সংকল্প, অবিচ্ছেদ।
সঠিক উত্তর ঃ ক.

১৫. অলংকারের ধ্বনি-
ক. নিক্কণ খ. মর্মর গ. ঝংকার ঘ. শিঞ্জন

ব্যাখ্যা: অলংকারের ধ্বনি - শিঞ্জন। গম্ভীর ধ্বনি - মন্দ্র
ভ্রমরের শব্দ - গুঞ্জন। ঝনঝন শব্দ - ঝনৎকার।
সঠিক উত্তর ঃ ঘ.

এখানে ■ চিহ্নের সাহায্যে 'বাংলা'র পুরাতন সিলেবাসের প্রশ্নসমূহকে চিহ্নিত করা হয়েছে।

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৬. কোন কোন বর্ণ মিলে 'ষ্ণ' যুক্তবর্ণটি গঠিত হয়েছে ?
ক. ষ্ + ঞ খ. ষ্ + ন
গ. ষ্ + ঙ ঘ. ষ্ + ণ

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ যুক্তবর্ণ–

| | |
|---|---|
| হ্ম–হ্ + ম যেমন- ব্রাহ্মণ | হ্ন – হ্ + ন যেমন- মধ্যাহ্ন, চিহ্ন |
| ক্ষ –ক্ + ষ যেমন- শিক্ষা, রক্ষা | হ্ণ – হ্ + ণ যেমন- অপরাহ্ণ, পূর্বাহ্ণ |
| জ্ঞ – জ্ + ঞ যেমন- সংজ্ঞা, জ্ঞান | ত্ন – ত্ + ন যেমন- যত্ন, রত্ন |
| ঞ্চ – ঞ্ + চ যেমন- মঞ্চ | ষ্ণ – ষ্ + ণ যেমন- উষ্ণ, কৃষ্ণ |
| ঞ্জ – ঞ্ + জ যেমন- গঞ্জ, অঞ্জন | ন্ন – ন্ + ন যেমন- অন্ন |
| ন্ড – ন্ + ড যেমন- ভন্ড | ত্রু- ত্+ র্+উ যেমন- ত্রুটি |
| গ্ন – গ্ + ন যেমন- মগ্ন | ক্ষ্ম- ক্+ষ্+ম যেমন- লক্ষ্মী, লক্ষ্মণ |

সঠিক উত্তর ঃ ঘ.

১৭. 'প্রতিকৃতি' শব্দটির উপসর্গ কোন অর্থে ব্যবহৃত?
ক. সাদৃশ্য খ. বিপরীত
গ. ভিন্ন ঘ. সম্মুখ

ব্যাখ্যা: প্রতি উপসর্গটি তৎসম উপসর্গ।
প্রতি - সাদৃশ্য অর্থে - প্রতিমূর্তি, প্রতিকৃতি, প্রতিনিধি।
বিরোধ অর্থে - প্রতিবাদ, প্রতিকার, প্রতিশোধ।
বিপরীত অর্থে - প্রতিদান।
পৌনঃপুন অর্থে - প্রতিদিন, প্রতিক্ষণ।
অনুরূপ অর্থে - প্রতিঘাত, প্রত্যুপকার।
সঠিক উত্তর ঃ ক.

১৮. 'After meat comes mustered'- এর ঠিক অর্থ-
ক. সুখের পর দুঃখ আসে খ. কষ্টে কেষ্ট মেলে
গ. নুন আনতে পান্তা ফুরায় ঘ. যত গর্জে তত বর্ষে না

ব্যাখ্যা: After meat comes mustered - নুন আনতে পান্তা ফুরায়।
Arthur could not tame a women's tongue - অবলার মুখই বল।
All things come to him who waits - সবুরে মেওয়া ফলে।
Every man is for himself - চাচা আপন প্রাণ বাঁচা।
Penny wise, pound foolish - বজ্র আঁটুনি ফসকা গেরো।
সঠিক উত্তর ঃ গ.

১৯. 'স্মৃতিসৌধ' শব্দের প্রমিত উচ্চারণ-
ক. সৃতিশোউধ্ খ. সৃতিসোউধো
গ. সৃঁতিশোউধো ঘ. সৃঁতিশোউধ্

ব্যাখ্যা:

| | | | |
|---|---|---|---|
| অভিধান | ওভিধান | পক্ষ | পোক্খো |
| বনস্পতি | বনোশ্পোতি | সন্ন্যাস | শোন্নাশ |
| সংকীর্ণ | শঙ্কির্নো | রাজপুত্র | রাজপুত্ত্রো |
| রাজনীতি | রাজ্‌নিতি | পরীক্ষিত | পোরিক্খিতো |
| স্মৃতিসৌধ | সৃঁতিশোউধো | আলস্য | আলোশ্শো |

সঠিক উত্তর ঃ গ.

২০. 'ছোটটি কোথায়?' বাক্যে 'ছোট' শব্দের শেষে 'টি'-র ব্যাকরণিক পরিচয় কী?
ক. বিভক্তি খ. শব্দপ্রত্যয়
গ. পদাশ্রিত নির্দেশক ঘ. অনুসর্গ

ব্যাখ্যা: পদাশ্রিত নির্দেশকের প্রয়োগ-
একবচন - টা, টি, খানা, খানি, গাছা, গাছি ইত্যাদি।
বহুবচন - গুলি, গুলো, গুলা, গুলিন ইত্যাদি।
স্বল্পতা বোঝাতে - টে, টুকু, টুকুন, টো, গোটা ইত্যাদি।
সঠিক উত্তর ঃ গ.

২১. 'ণ'-ত্ব বিধানের নিয়ম অনুসারে কোনটি অশুদ্ধ বানান?
ক. পুরানো খ. ধরন গ. ঝরনা ঘ. বর্ননা

ব্যাখ্যা: ণ-ত্ব বিধানের কতিপয় নিয়মাবলী -
• ঋ, র, ষ-এর পর মূর্ধণ্য-'ণ' ব্যবহৃত হয়।
যেমন - পূরণ, সাধারণ, বিভীষণ, দক্ষিণ।
• র, ঋ, রেফ(র্), ঋ-কার (ৃ), র-ফলা (্র) অথবা ষ এর পর ক বর্গ, প বর্গ এবং য, য়, হ মোট ১৩ বর্ণ আসনে তার পরে 'ণ' হবে।
যেমন - অগ্রহায়ণ, চর্বণ, দ্রবণ, শ্রাবণ।
• ট-বর্গের ট, ঠ, ড, ঢ -চারটি বর্ণের পূর্বে ন্-ধ্বনি থাকলে এবং 'ন' সহযোগে যদি যুক্তবর্ণ তৈরী হয়, তা হলে তা সর্বদা মূর্ধণ্য 'ণ' হবে।
যেমন - ঘণ্টা, নির্ঘণ্ট, লণ্ঠন, কণ্ঠ, তাণ্ডব।
• প্র, পরি, নির এ তিন উপসর্গের পরে মূর্ধণ্য 'ণ' হবে।
যেমন - প্রবীণ, প্রণাম, পরিণতি।
• স্বভাবতই মূর্ধণ্য হয় - কণা, নিক্কণ, গুণ, তৃণ, পূণ্য, লবণ, পণ্য, মণি, ফণা, বাণিজ্য, কোণ, বীণা, বেণু, কল্যাণ, বণিক ইত্যাদি।
সঠিক উত্তর ঃ ঘ.

নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রথম চারটি প্রশ্নের উত্তর দাও (২২-২৫) :
বার্ধক্য তাহাই- যাহা পুরাতনকে, মিথ্যাকে, মৃত্যুকে আঁকড়িয়া পড়িয়া থাকে; বৃদ্ধ তাহারাই- যাহারা মায়াচ্ছন্ন নব মানবের অভিনব জয় যাত্রার শুধু বোঝা নয় বিঘ্ন; শতাব্দীর নবযাত্রীর চলার ছন্দে ছন্দে মিলাইয়া যাহারা কুচকাওয়াজ করিতে জানে না, পারে না; যাহারা জীব হইয়াও জড়; যাহারা অটল সংস্কারের পাষাণস্তূপ আঁকড়িয়া পড়িয়া আছে। বৃদ্ধ তাহারাই- যাহারা নব অরুণোদয় দেখিয়া নিদ্রাভঙ্গের ভয়ে দ্বার রুদ্ধ করিয়া পড়িয়া থাকে। আলোক-পিয়াসী প্রাণ চঞ্চল শিশুদের কল কোলাহলে যাহারা বিরক্ত হইয়া অভিসম্পাত করিতে থাকে, জীর্ণ পুঁথি চাপা পড়িয়া যাহাদের নাভিশ্বাস বহিতেছে, অতি জ্ঞানের অগ্নিমান্দ্যে যাহারা আজ কঙ্কালসার- বৃদ্ধ তাহারাই। ইহাদের ধর্মই বার্ধক্য। বার্ধক্যকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। বহু যুবককে দেখিয়াছি যাহাদের যৌবনের উর্দির নিচে বার্ধক্যের কঙ্কাল মূর্তি।

২২. অনুচ্ছেদটিতে ড্যাস ও হাইফেন চিহ্ন ব্যবহৃত হয়েছে যথাক্রমে-
ক. ৩ বার ও ২ বার খ. ৪ বার ও ১ বার
গ. ২ বার ও ৪ বার ঘ. ২ বার ও ৩ বার

ব্যাখ্যা: ড্যাস -
বার্ধক্য তাহাই - যাহা পুরাতনকে; বৃদ্ধ তাহারাই - যাহারা মায়াচ্ছন্ন; বৃদ্ধ তাহারাই - যাহারা নব অরুণোদয়; আজ কঙ্কালসার - বৃদ্ধ তাহারাই।
হাইফেন -
আলোক - পিয়াসী প্রাণ চঞ্চল।
সঠিক উত্তর ঃ খ.

২৩. 'উর্দি' ও 'কুচকাওয়াজ' শব্দ বাংলা ভাষায় এসেছে যথাক্রমে-
ক. উর্দু ও ফারসি থেকে খ. তুর্কি ও ফারসি থেকে
গ. তুর্কি ও উর্দু থেকে ঘ. আরবি ও ফারসি থেকে

ব্যাখ্যা: তুর্কি শব্দ : কুলি, চাঁচ, উর্দি, দারোগা, খোঁকা, কোর্মা, দাদা, ঠাকুর, মোগল, লাশ, বাবা, সওগাত, চাকর, ইত্যাদি।
ফারসি শব্দ : জঙ্গল, জাম, জামা, জায়গা, বরফ, বাদাম, সেতার, বালিশ, আলু, আসমান, খানসামা, কাগজ, দোকান, আইন, বিবি, শরম, সুদ, হিন্দু, সফেদ, কুচকাওয়াজ ইত্যাদি।
সঠিক উত্তর ঃ খ.

২৪. 'বৃদ্ধ' বিশেষণ পদের বিশেষ্য রূপ-
ক. বৃদ্ধি খ. বৃদ্ধা
গ. বৃহৎ ঘ. বার্ধক্য

ব্যাখ্যা:

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|
| সৌজন্য | সুজন | দোষ | দূষিত |
| বিষাদ | বিষন্ন | অলসতা | অলস |
| গৌরব | গুরু | মাস | মাসিক |
| পশ্চাৎ | পাশ্চাত্য | দর্শন | দৃষ্ট |
| বিবাহ | বৈবাহিক | বৃদ্ধ | বার্ধক্য |

সঠিক উত্তর ঃ ঘ.

২৫. অনুচ্ছেদে ব্যবহৃত নিচের কোনটি নঞ তৎপুরুষ সমাসের দৃষ্টান্ত?
ক. অভিনব খ. অটল
গ. নিদ্রা ঘ. কঙ্কাল

ব্যাখ্যা: কিছু নঞ তৎপুরুষ সমাসের উদাহরণ -
অটল, অনাবৃষ্টি, অনুর্বর, অভাব, নির্জন, নীরব, অমিল, অনশন, অক্ষত, অকাল, ইত্যাদি।
সঠিক উত্তর ঃ খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## General English

**Fill in the blanks with suitable word/s (Questions 1-9) :**

**1. After the governor's third overseas trip voters complained that he was paying too little attention to..... affairs?**

A. foreign B. domestic
C. professional D. intellectual

ব্যাখ্যা: ভোটারদের অভিযোগ - তিনি অভ্যন্তরীণ বিষয়ে খুব কম মনোযোগ দেন। এ অর্থে Fill in the blank-এ domestic হবে।
**Ans : B**

**2. Since the island soil has been barren for so many years, the islanders must....... much of their food.**

A. deliver B. import C. produce D. utilize

ব্যাখ্যা: দ্বীপের মাটি অনুর্বর (barren) হওয়ার কারণে তাদের অধিকাংশ খাদ্য আমদানী (import) করতে হয়।
**Ans : B**

**3. Make sure you read all the...... carefully before setting up the device.**

A. packaging B. papers C. instructions D. files

ব্যাখ্যা: Device Set করার পূর্বে সতর্কতার সহিত সকল নির্দেশনা (Instructions) পড়েছে কিনা নিশ্চিত হও।
**Ans : C**

**4. 'Rose' is often used as.... for beauty or the beautiful.**

A. a metaphor B. parallel
C. collocation D. euphemism

ব্যাখ্যা: Simile - একই/মতো - The street felt as hot as the surface of the sun.
**Metaphor** - রূপক - Time is money, Internet is super highway.
**Hyperbole** - অতিরঞ্জন - If I were a bird.
**Ans : A**

**5. ...... Pohela Boishakh, there is a festive mood all....... the country.**

A. at, over B. in, across
C. since, across D. on, over

ব্যাখ্যা: উৎসবের দিন এর পূর্বে on বসে, On Pahela Boishakh. আর, পুরো দেশব্যাপী বোঝাতে all over the country বসবে।
**Ans : D**

**6. Nature finds ways to ensure the survival of...... .**

A. the fittest B. the fitters
C. the fitting D. the fits

ব্যাখ্যা: Survival of the fittest - জাপানী প্রবাদ; অর্থ - প্রকৃতিই সংগ্রাম শেখায়।
**Ans : A**

**7. Pinocchio is hungry and looks for an egg to cook..... an omelet; but, to his surprise, the omelet files out of the window.**

A. his own self B. itself
C. oneself D. himself

ব্যাখ্যা: নিজে নিজে কাজ করা বোঝাতে Reflexive Pronoun হয়। এখানে Pinocchio নিজে নিজে করবে, এরূপ বোঝাতে Reflexive Pronoun হিসেবে himself হবে।
**Ans : D**

**8. He is hardworking and......**

A. I am so B. so I am
C. so am I D. I too am

ব্যাখ্যা: প্রশ্নটি Affirmative agreement-এর উদাহরণ -Affirmative agreement এর ক্ষেত্রে -

Affirmative Statement + And + (I) Subject + {Verb / Auxiliary verb / Do, Does, Did} + (I) Too
Affirmative Statement + And + (II) So + {Verb / Auxiliary verb / Do, Does, Did} + (II) Subject

**Ans : C**

**9. ....... did Kamal realize that there was danger?**

A. Upon entering the bank
B. When he entered the bank
C. Only after entering the bank
D. After he had entered the bank

ব্যাখ্যা: প্রশ্নটি Inversion - এর উদাহরণ -
Inversion-এর ক্ষেত্রে verb টি subject এর আগে বসে।
Example - Never had I felt so happy.
অনুরূপ - Only after entering the bank did kamal realize that there was danger.
**Ans : C**

**Choose the correct preposition to fill in the gap (Question 10) :**

**10. We must discourage people...... throwing trash in public places.**

A. for B. from C. into D. into

ব্যাখ্যা: Discourage from - কোন কিছু থেকে নিরুৎসাহিত করা।
**Ans : B**

**11. Which of the following is a form of 'die'?**

A. dryad B. dye
C. dying D. dieing

ব্যাখ্যা: Dryad - বনপরী; Dye - রঞ্জিত করা।

| Present | Past | Past Participle | Present Participle |
|---|---|---|---|
| Die | Died | Died | Dying |

**Ans : C.**

**12. 'No man is an island.' What does this proverb mean?**

A. Everyone should always be prepared
B. It is best to do everything on time
C. Everyone needs help from other people
D. Your own home is the most comfortable place to live in

ব্যাখ্যা: No man is an island - Everyone needs help from other people.
A golden key can open any door - Enough money or the promise of it will accomplish anything.
A rolling stone gather no moss - Someone who does not settle in one place rarely prospers.
Beggers can't be choosers - If you request something to be given you should not question what you are given.
**Ans : C**

**13. Find a synonym for the word 'vigorous' from the options given bellow :**

A. important and necessary
B. shaping and quivering
C. strong and energetic
D. harmful and dangerous

ব্যাখ্যা: Vigorous - বলিষ্ঠ, সাহসী।
**Synonym** : Strong, Energatic, Athletic, Potent.
**Antonym** : Enervate, Impotent, Lethargic.
**Ans : C**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**14. Choose the correct passive sentence :**
A. The meeting is to be reschedule
B. The meeting is to be rescheduled
C. The meeting is to rescheduled
D. The meeting to be rescheduled

Voice

ব্যাখ্যা: Passive voice এর নিয়মানুসারে-
Auxiliary + to be + verb এর Past Participle হয়।
**Ans : B**

**15. Which word is spelt correctly?**
A. concensus B. hiararchy
C. medieval D. posession

Spelling

ব্যাখ্যা:

| | | | | |
|---|---|---|---|---|
| Ridiculous | Possession | Consensus | Desiccate | Pavilion |
| Queue | Guarantee | Definitely | Mischievous | Medieval |

**Ans : C**

**16. 'মিনা বলল যে, সে অসুস্থ'- The correct translation of this sentence is :**
A. Meena told that she has been ill.
B. Meena said that she is ill.
C. Meena said that she was ill.
D. Meena told that she was ill.

Translation

ব্যাখ্যা: Reporting verb past form-এ তাই reporting speech ও Past tense-এ হবে।
**Ans : C**

**17. The word 'vegetarian' refers to-**
A. plants B. animals
C. mammals D. carnivores

Synonym

ব্যাখ্যা: Vegetarian - নিরামিষ ভোজী, উদ্ভিদভোজী।
**Ans : A**

**18. Which of the following words best replaces 'revealed' in the sentence : Studies have revealed that infections are associated with cancers.**
A. found B. warned
C. emphasized D. told

Synonym

ব্যাখ্যা: Reveal - খুঁজে পাওয়া, প্রকাশ পাওয়া।
Synonym : Found, Publish, Notify, Affirm.
Antonym : Conceal, Hide, Suppress.
**Ans : A**

**Read the passage below and answer questions 19-23:**
Vultures are not careful about what they eat. This makes them vulnerable to eating meat that could be toxic. The consequence often is the death of these birds. That is one reason why these birds are not widely seen in Bangladesh anymore. The other is that the trees which vultures perch on have also been disappearing from the land. The net result is the birds are not present throughout the country in the numbers in which they were viewed a generation, or even a decade, ago.

**19. A suitable title for the passage would be :**
A. Birds of Bangladesh
B. Food habits of Vultures
C. Disappearing Trees
D. Disappearing Vultures of Bangladesh

ব্যাখ্যা: Passage-এর শেষ Sentence-এ বলা আছে -
The net result is the birds are not present throughout the country......এ থেকেই বোঝা যায় Passage এর Main tittle.
**Ans : D**

**20. 'The net result' is closest in meaning to which of the following words that have also been used in the passage :**
A. consequence B. perch
C. generation D. reason

ব্যাখ্যা: Consequence - ফলস্বরূপ, ফলাফল;
Consequence আর The net result এর অর্থ একই।
**Ans : A**

**21. An antonym for 'toxic' is:**
A. deadly B. fatal
C. contaminating D. harmless

ব্যাখ্যা: Toxic - বিষাক্ত
Synonym : Contaminate, Deadly, Lethal, Septic, Poison.
Antonym : Harmless, Nonpoisonous.
**Ans : D**

**22. A 'decade' is the same as :**
A. twelve years B. ten years
C. twenty years D. thirty years

ব্যাখ্যা: Olympiad - চার বছর; Decade - দশ বছর
Score - বিশ বছর; Century - একশ বছর
Millennium - এক হাজার বছর
**Ans : B**

**23. 'Widely' used in the passage is a/an:**
A. adjective B. adverb C. participle D. gerund

ব্যাখ্যা: Birds are not widely seen in Bangladesh anymore.
Verb এর পর Adverb বসে।
**Ans : B**

**Choose appropriate article/s (Questions 24-25)**

**24. Bangabandhu Sheikh Mujibur Rahman Memorial Museum stands as..... symbol not only of the greatest moments in our history but also as evidence of the darkest moment in...... history of this land.**
A. the, a B. a, no article
C. a, the D. the, no article

Article

ব্যাখ্যা: as a symbol - প্রতীক হিসেবে।
the history of this land - এই দেশের ইতিহাসে।
**Ans : C**

**25. One of Akbar's most vigorous opponents during his lifetime had been...... outstanding scholar Sheikh Ahmed and, like Akbar, he was also venerated as....... Perfect Man by his own disciples.**
A. the, the B. an, a
C. an, the D. the, a

Article.

ব্যাখ্যা: an outstanding; as a perfect man.
**Ans : B**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## সাধারণ জ্ঞান

১. প্রস্তাবিত টিপাইমুখ বাঁধ নির্মাণের পরিকল্পনা কোন নদীতে?
ক. সুরমা খ. কুশিয়ারা
গ. বরাক ঘ. তিতাস

ব্যাখ্যা: টিপাইমুখ বাঁধ সম্পর্কে কিছু তথ্য-
- অবস্থান - বাংলাদেশ-ভারত সীমান্তের ১০০ কি. মি. উজানে ভারতের বরাক নদীর উপর।
- টিপাইমুখ হল বরাক এবং তুইভাই নদীর মিলনস্থলের একটি গ্রাম।
- বরাক নদীর উৎপত্তি - ভারতের মনিপুর রাজ্যের কাছার পর্বতে।

সঠিক উত্তর : গ.

২. হিন্দুমতে মান্ধাতা ছিলেন...... যুগের শাসক।
ক. সত্যযুগ খ. ত্রেতাযুগ
গ. দাপরযুগ ঘ. কলিযুগ

ব্যাখ্যা: হিন্দুমতে সত্যযুগের ছয়জন শাসকের মধ্যে মান্ধাতা একজন। তিনি প্রাচীন সূর্যবংশের রাজা ছিলেন।

সঠিক উত্তর : ক.

৩. প্রথম নোবেল বিজয়ী নারী কে?
ক. ম্যারি কুরি খ. আইরিন কুরি
গ. উইনি ম্যান্ডেলা ঘ. লরা জেনি

ব্যাখ্যা: বিভিন্ন ক্ষেত্রে প্রথম নোবেল পাওয়া নারী-
- পদার্থবিজ্ঞান ও নারী মধ্যে প্রথম - মেরী কুরি - ১৯০৩ সালে
- রসায়নে - মেরী কুরি - ১৯১১ সালে
- চিকিৎসাবিজ্ঞানে - গার্তে তেরেসা কুরি - ১৯৪৭ সালে
- সাহিত্যে - সেলমা লেগরফ - ১৯০৯ সালে
- শান্তিতে - সোফি ভন সুতনার - ১৯০৫ সালে
- অর্থনীতিতে - ইলিনর অস্ট্রিম - ২০০৯ সালে

সঠিক উত্তর : ক.

৪. মিশ্র অর্থনৈতিক ব্যবস্থা হলো-
ক. সম্পত্তির রাষ্ট্রীয় মালিকানা
খ. সম্পত্তির ব্যক্তিমালিকানা
গ. সম্পত্তির ব্যক্তি ও রাষ্ট্রীয় মালিকানা
ঘ. ব্যক্তিগত সম্পত্তির যৌথ মালিকানা

ব্যাখ্যা: সম্পত্তির মালিকানা রাষ্ট্রীয় - সমাজতান্ত্রীক অর্থনীতি
সম্পত্তির মালিকানা ব্যক্তিগত - পুজিবাদী অর্থনীতি।
সম্পত্তির মালিকানা ব্যক্তিগত ও রাষ্ট্রীয় - মিশ্র অর্থনীতি।

সঠিক উত্তর : গ.

৫. ফ্রাঙ্কফুর্ট শহরটি যে জন্য বিখ্যাত-
ক. আইস হকি খ. বইমেলা
গ. ওষুধ পণ্য ঘ. কৃষিপণ্য

ব্যাখ্যা: জার্মানীর ফ্রাঙ্কফুট শহরে অনুষ্ঠিত বইমেলা বিশ্বের সর্ববৃহৎ বইমেলা। প্রায় ৫০০ বছরের প্রাচীন এই বইমেলা।

সঠিক উত্তর : খ.

৬. ধানসিঁড়ি নদী কোন জেলায় অবস্থিত?
ক. পাবনা খ. চাঁদপুর
গ. ঝালকাঠি ঘ. খুলনা

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু নদীর অবস্থান -

| | |
|---|---|
| মহানন্দা- চাপাঁইনবাবগঞ্জ | করতোয়া - বগুড়া, পঞ্চগড় |
| ধরলা - কুড়িগ্রাম | ইছামতি - পাবনা |
| শীতলক্ষ্যা - নারায়ণগঞ্জ | কুশিয়ারা - সিলেট |
| আড়িয়াল খাঁ - মাদারীপুর | তিতাস - ব্রাহ্মণবাড়িয়া |
| ডাকাতিয়া - কুমিল্লা, চাঁদপুর | কর্ণফুলী - চট্টগ্রাম |
| গড়াই - কুষ্টিয়া | ধানসিঁড়ি - ঝালকাঠি |
| চিত্রা - নড়াইল | পশুর - মংলা, খুলনা। |

সঠিক উত্তর : গ.

৭. জাতিসংঘের নারী-উন্নয়ন বিষয়ক তহবিলের নাম-
ক. ইউএন উইমেন খ. ইউনিফেম
গ. সমতা তহবিল ঘ. জেন্ডার সমতা তহবিল

ব্যাখ্যা: • জাতিসংঘের নারী বিষয়ক সংস্থা - UN Women
কার্যক্রম শুরু করে - ১ জানুয়ারী ২০১১ ; সদর দপ্তর - নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
• জাতিসংঘের নারী - উন্নয়ন বিষয়ক তহবিল - UNIFEM
প্রতিষ্ঠা - ১৯৭৬ সালে।

সঠিক উত্তর : খ.

৮. কোনটি জীবাশ্ম জ্বালানী নয়?
ক. পেট্রোল খ. প্রাকৃতিক গ্যাস
গ. কয়লা ঘ. জৈবগ্যাস

ব্যাখ্যা: জীবাশ্ম জ্বালানী - কয়লা, প্রাকৃতিক গ্যাস, খনিজ তেল, পেট্রোলিয়াম।

সঠিক উত্তর : ঘ.

৯. নিচের কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান নয়?
ক. সরকারি কর্মকমিশন খ. দুর্নীতি দমন কমিশন
গ. নির্বাচন কমিশন ঘ. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়

ব্যাখ্যা: বাংলাদেশের সাংবিধানিক প্রতিষ্ঠান-
- সরকারি কর্ম কমিশন
- মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
- বাংলাদেশ নির্বাচন কমিশন

সঠিক উত্তর : খ.

১০. কোন বিপ্লব 'স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব'- এ মূলমন্ত্র দ্বারা অনুপ্রাণিত হয়েছিল?
ক. ফরাসি বিপ্লব খ. মার্কিন বিপ্লব
গ. রুশ বিপ্লব ঘ. চীনা বিপ্লব

ব্যাখ্যা: • ফরাসি বিপ্লব সংঘটিত হয় - ১৭৮৯ সালে।
- ফরাসি বিপ্লব সূচনা হয় - বাস্তিল দূর্গ পতনের মাধ্যমে।
- স্লোগান - স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব।
- ফরাসি বিপ্লবের শিশু - নেপোলিয়ান।

সঠিক উত্তর : ক.

১১. ***Dreams From My Father*** বইটির লেখক-
ক. বারাক ওবামা খ. ইন্দিরা গান্ধী
গ. শেখ হাসিনা ঘ. বেনজির ভুট্টো

ব্যাখ্যা: মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৪ তম প্রেসিডেন্ট বারাক ওবামার লিখিত বই - Dreams from my father ; The Audacity of hope ; Change we can believe in.

সঠিক উত্তর : ক.

১২. কোন দেশ বা সংস্থা বাংলাদেশকে নিম্ন মধ্যম আয়ের দেশ হিসেবে ঘোষণা করে?
ক. এশীয় উন্নয়ন ব্যাংক খ. মার্কিন যুক্তরাষ্ট্র
গ. বিশ্বব্যাংক ঘ. জাপান

ব্যাখ্যা: বিশ্ব ব্যাংক ঘোষিত 'এটলাস' মেথড এর মাধ্যমে বিভিন্ন দেশের অর্থনৈতিক শ্রেণীর সূচক -
- নিম্ন আয়ের দেশ - ১০৪৫ ডলার বা তার চেয়ে কম মাথাপিছু আয়ের দেশ
- নিম্ন মধ্যম আয়ের দেশ - ১০৪৫ থেকে ৪১২৫ ডলার মাথাপিছু আয়ের দেশ
- উচ্চ মধ্যম আয়ের দেশ - ৪১২৫ থেকে ১২৭৩৬ ডলার মাথাপিছু আয়ের দেশ
- উচ্চ আয়ের দেশ - ১২৭৩৬ এর বেশী মাথাপিছু আয়ের দেশ।
- ২০১৫ সালে ১ জুলাই বিশ্বব্যাংক বাংলাদেশকে নিম্ন মধ্যম আয়ের দেশ হিসেবে ঘোষণা দেয়।

সঠিক উত্তর : গ.

১৩. অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী ছিলেন-
ক. এ কে ফজলুল হক খ. হোসেন শহীদ সোহরাওয়ার্দি
গ. আবুল হাশিম ঘ. খাজা নাজিমুদ্দিন

ব্যাখ্যা: অবিভক্ত বাংলায় প্রথম মুখ্যমন্ত্রী - এ কে ফজলুল হক।
অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী - হোসেন শহীদ সোহরাওয়ার্দী

সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৪. ঢাকার বিখ্যাত তারা মসজিদ কে নির্মাণ করেন?
ক. সুজা খান খ. পরীবিবি
গ. ঈসা খান ঘ. শায়েস্তা খান

ব্যাখ্যা: • ঢাকায় প্রথম মসজিদ - বিনত বিবির মসজিদ, নারিন্দা।
• সাত গম্বুজ মসজিদের নির্মানকাল - সপ্তদশ শতকে। নির্মাতা - শায়েস্তা খাঁর পুত্র উমিদ খাঁ।
• তারা মসজিদের নির্মাতা - মীর্জা গোলাম পীর। এটি পাঁচ গম্বুজ বিশিষ্ট মসজিদ।
• হোসনী দালানের নির্মাতা - শাহসুজা।
সঠিক উত্তর : নাই.

১৫. অ্যাবাকাস দিয়ে কী করা হয়?
ক. গাণিতিক হিসাব খ. রোগ নির্ণয়
গ. জ্বর মাপা ঘ. ওজন মাপা

ব্যাখ্যা: অ্যাবাকাস একটি গাণিতিক হিসাব পরিমাপক প্রক্রিয়া।
• প্রথম সুমেরীয় সভ্যতায় অ্যাবাকাস এর ব্যবহার পাওয়া যায়।
সঠিক উত্তর : ক.

১৬. 'মোদের গরব মোদের আশা, আ-মরি! বাংলা ভাষা' গানের রচয়িতা-
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. ডি.এল.রায় ঘ. অতুল প্রসাদ সেন

ব্যাখ্যা: ভাষা আন্দোলন ভিত্তিক গানগুলোর গীতিকার - সুরকার-
আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো একুশে ফেব্রুয়ারী - আবদুল গাফ্ফার চৌধুরী - আলতাফ মাহমুদ
ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায় - আবদুল লতিফ - আবদুল লতিফ
সালাম সালাম হাজার সালাম - ফজলে-এ-খোদা- আবদুল জব্বার
মোদের গরব মোদের আশা - অতুল প্রসাদ সেন - অতুল প্রসাদ সেন
সঠিক উত্তর : ঘ.

১৭. বিখ্যাত চিত্রশিল্পী পাবেলো পিকাসো জন্মগ্রহণ করেন যে দেশে-
ক. যুক্তরাষ্ট্র খ. ইতালি
গ. গ্রিস ঘ. স্পেন

ব্যাখ্যা: • পাবলো পিকাসোর জন্ম - ১৮৮১ সালে স্পেনে
• বিখ্যাত চিত্রকর্ম - দ্যা ব্লু রুম, ওল্ড গিটারিষ্ট, গোয়ের্নিকা, পালমো বা শান্তিকপোত, থ্রি ড্যান্সার্স ইত্যাদি।
সঠিক উত্তর : ঘ.

১৮. চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন বাংলায় আসেন যার সময়ে-
ক. দ্বিতীয় চন্দ্রগুপ্ত খ. আলাউদ্দিন হুসাইন শাহ্
গ. প্রথম চন্দ্রগুপ্ত ঘ. হর্ষবর্ধন

ব্যাখ্যা: বিভিন্ন সময়ে বাংলায় আগত পরিব্রাজক -
মেগাস্থিনিস - খ্রিস্টপূর্ব ৩০২ সালে - প্রথম চন্দ্রগুপ্তের আমলে।
ফা-হিয়েন - ৩৯৯ খ্রিস্টাব্দে - দ্বিতীয় চন্দ্রগুপ্তের আমলে।
হিউয়েন সাং - ৬৩৮ খ্রিস্টাব্দে - হর্ষবর্ধনের আমলে।
ইবনে বতুতা - ১৩০৪ খ্রিস্টাব্দে - ফখরুদ্দীন মুবারক শাহের আমলে।
মা-হুয়ান - ১৪০৫ খ্রিস্টাব্দে - গিয়াস উদ্দীন আযম শাহের আমলে।
সঠিক উত্তর : ক.

১৯. ডেভিড ফ্রস্ট ছিলেন-
ক. একজন মুক্তিযোদ্ধা খ. একজন চিকিৎসক
গ. একজন রাজনীতিবিদ ঘ. একজন সাংবাদিক

ব্যাখ্যা: • ডেভিড ফ্রস্ট হলেন বিখ্যাত ইংরেজ সাংবাদিক
• ১৯৭৭ সালে তিনি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট রিচার্ড নিক্সনকে নিয়ে করা ওয়াটার গেট কেলেঙ্কারি বিষয়ক প্রতিবেদন করায় বিখ্যাত হন।
• বাংলাদেশ স্বাধীন হওয়ার পর তৎকালীন রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানের সাক্ষাৎকার নেন তিনি।
সঠিক উত্তর : ঘ.

২০. কোন অর্থনীতিবিদ 'অদৃশ্য হাত' শব্দ দুটি ব্যবহার করেন?
ক. অমর্ত্য সেন খ. অ্যাডাম স্মিথ
গ. আলফ্রেড মার্শাল ঘ. ডেভিড রিকার্ডো

ব্যাখ্যা: অ্যাডাম স্মিথ প্রবর্তিত গুরুত্বপূর্ণ তত্ত্ব -
Classical economy; Modern free market theory; Division of labour; The invisible hand.
বিখ্যাত কর্ম - The Theory of Moral Sentiments ; The Wealth of Nations
সঠিক উত্তর : খ.

২১. অধরা কণার অস্তিত্ব আবিষ্কারে নেতৃত্ব দিয়েছেন বাংলাদেশি বংশোদ্ভূত পদার্থবিজ্ঞানী-
ক. মাকসুদুল আলম খ. এম জাহিদ হাসান
গ. সত্যেন্দ্রনাথ বোস ঘ. জামাল নজরুল ইসলাম

ব্যাখ্যা: বাংলাদেশী বিশিষ্ট পদার্থ বিজ্ঞানী এম জাহিদ হাসান অধরা কণা 'ফার্মিয়ন' আবিষ্কার করেন। বর্তমানে তিনি যুক্তরাষ্ট্রের প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হিসেবে কর্মরত।
সঠিক উত্তর : খ.

২২. বাংলাদেশের সংবিধান এ পর্যন্ত সংশোধন করা হয়েছে-
ক. তেরো বার খ. চৌদ্দ বার
গ. পনেরো বার ঘ. ষোলো বার

ব্যাখ্যা: প্রথম সংশোধনী - যুদ্ধাপরাধীসহ অন্যান্য গণবিরোধীদের বিচার নিশ্চিত করা।
ষোড়শ সংশোধনী - বিচারপতিদের অভিশংসনের বা ক্ষমতা জাতীয় সংসদের উপর অর্পণ।
সর্বশেষ সপ্তদশ সংশোধনী - আরোও পঁচিশ বছরের জন্য জাতীয় সংসদে পঞ্চাশটি আসন শুধু নারীদের জন্য সংরক্ষিত রাখা।
সঠিক উত্তর : নাই.

২৩. হিজরি সন কে প্রবর্তন করেন?
ক. হযরত ওমর [রা.] খ. হযরত আলী [রা.]
গ. হযরত আবু বকর [রা.] ঘ. হযরত ওসমান [রা.]

ব্যাখ্যা: • হিজরী সন প্রবর্তন করেন - খলিফা হযরত ওমর (র:)
• হিজরী সন গণনা করা হয় - ৬২২ খ্রীস্টাব্দ থেকে।
• হিজরী সনের প্রেক্ষাপট - মুহাম্মদ (স:) এর মক্কা থেকে মদিনা হিজরত করার সময়কাল।
সঠিক উত্তর : ক.

২৪. অর্থশাস্ত্রে অবদানের জন্য কে বিখ্যাত?
ক. কৌটিল্য খ. পাণিনী গ. বাৎসায়ন ঘ. বাল্মীকি

ব্যাখ্যা: কৌটিল্য - প্রাচীন ভারতীয় অর্থনীতিবিদ। 'অর্থশাস্ত্র' তার বিখ্যাত গ্রন্থ।
পাণিনী - প্রাচীন ভারতীয় সংস্কৃত ব্যাকরণবিদ। 'অষ্টাধ্যায়ী' তার বিখ্যাত গ্রন্থ।
বাৎসায়ন - কামশাস্ত্রের প্রণেতা।
বাল্মীকি - রামায়ণ রচয়িতা।
সঠিক উত্তর : ক.

২৫. 'মনপুরা ৭০' কী?
ক. একটি কবিতা খ. একটি গান
গ. একটি চলচ্চিত্র ঘ. একটি চিত্রকর্ম

ব্যাখ্যা: শিল্পাচার্য জয়নুল আবেদিনের বিখ্যাত চিত্রকর্ম -
• দুর্ভিক্ষ; নৌকা ; সংগ্রাম; নবান্ন ; মনপুরা এবং ম্যাডোনা
• ২০০৯ সালে বুধ গ্রহের একটি জ্বালামুখ জয়নুল আবেদীনের সম্মানে আবদীন নামে নামকরণ করা হয়।
সঠিক উত্তর : ঘ.

২৬. ন্যাটোর একমাত্র মুসলিম সদস্য দেশ-
ক. মিশর খ. লিবিয়া গ. তুরস্ক ঘ. মরক্কো

ব্যাখ্যা: • NATO প্রতিষ্ঠিত হয় - ৪ এপ্রিল ১৯৪৯ সালে
• সদর দপ্তর - ব্রাসেলস, বেলজিয়াম
• সদস্য সংখ্যা - ২৮ টি
• ন্যাটোভুক্ত মুসলিম দেশ - আলবেনিয়া, তুরস্ক
সঠিক উত্তর : গ.

২৭. 'বিশ্ব স্বাক্ষরতা দিবস' পালিত হয়-
ক. ৮ সেপ্টেম্বর খ. ১১ সেপ্টেম্বর
গ. ১৭ মার্চ ঘ. ২১ মার্চ

ব্যাখ্যা: • ৮ সেপ্টেম্বর বিশ্ব স্বাক্ষরতা দিবস পালিত হয়।
• ১৯৬৫ সালে UNESCO কর্তৃক এ দিবস ঘোষণা করা হয়।
সঠিক উত্তর : ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৮. 'সুর সম্রাট' কাকে বলা হয়?
ক. ওস্তাদ আয়াত আলী খাঁ  খ. ওস্তাদ আলাউদ্দিন খাঁ
গ. ওস্তাদ আকবর আলী খাঁ  ঘ. ওস্তাদ বড়ে গোলাম আলী খাঁ

ব্যাখ্যা: • উপমহাদেশের বিখ্যাত সংগীত শিল্পী ও সুর সম্রাট হলেন উস্তাদ আলাউদ্দিন খাঁ।
• তিনি ব্রাহ্মণবাড়িয়া জেলায় জন্মগ্রহন করেন।
• ইংল্যান্ডের রানী তাকে সুর সম্রাট উপাধি দেয়।
সঠিক উত্তর : খ.

২৯. মৌলিক দর্শনশাস্ত্র হিসেবে বিবেচনা করা হয় কোনটিকে?
ক. নীতিবিদ্যা  খ. মনোবিজ্ঞান
গ. ধর্মশাস্ত্র  ঘ. অধিবিদ্যা
সঠিক উত্তর : ঘ.

৩০. আইএসবিএন যে উপকরণ চিহ্নিত করার কাজে ব্যবহৃত হয়-
ক. বই  খ. সাময়িকী
গ. সফটওয়ার  ঘ. হার্ডওয়ার

ব্যাখ্যা: ISBN - International Standard Book Number
সঠিক উত্তর : ক.

৩১. চাকমাদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব কোনটি?
ক. বিজু  খ. ওয়ানগালা  গ. সান্দ্রে  ঘ. সাংগ্রাই

ব্যাখ্যা: • বাংলাদেশের বৃহত্তম নৃ-গোষ্ঠী - চাকমা
• চাকমা বর্ষবরণ অনুষ্ঠান - বিজু
• চাকমাদের অবস্থান - পার্বত্য চট্টগ্রামে।
• চাকমা বা কার্পাস বিদ্রোহ সংঘটিত হয় - ১৭৭৬ সালে।
সঠিক উত্তর : ক.

৩২. কোনটি প্রত্নতাত্ত্বিক স্থান নয়?
ক. ময়নামতি  খ. পাহাড়পুর
গ. মহাস্থানগড়  ঘ. সুন্দরবন

ব্যাখ্যা: মূলত ঐতিহাসিক গুরুত্বপূর্ণ স্থাপনাই প্রত্নতাত্ত্বিক স্থান। সে হিসেবে সুন্দরবন প্রত্নতাত্ত্বিক স্থান নয়, এটি প্রাকৃতিক স্থান।
সঠিক উত্তর : ঘ.

৩৩. কোন দেশের দ্বিতীয় রাষ্ট্রভাষা বাংলা?
ক. ভারত  খ. ঘানা
গ. সিয়েরা লিওন  ঘ. রুয়ান্ডা

ব্যাখ্যা: ২০০২ সালে সিয়েরা লিওনের রাষ্ট্রপতি বাংলা ভাষাকে তাদের সরকারী ভাষা হিসেবে স্বীকৃতি দেয়।
সঠিক উত্তর : গ.

৩৪. 'আসিয়ান' সদস্য রাষ্ট্র নয়-
ক. মালয়েশিয়া  খ. শ্রীলঙ্কা  গ. ব্রুনাই  ঘ. থাইল্যান্ড

ব্যাখ্যা: ASEAN - Association of Southeast Asian Nations
সদর দপ্তর - জাকার্তা।
প্রতিষ্ঠা - ৮ আগষ্ট, ১৯৬৭।
সদস্য দেশ - ব্রুনাই, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া, লাওস, মায়ানমার, ফিলিপাইন, সিঙ্গাপুর, ভিয়েতনাম, থাইল্যান্ড, মালেশিয়া।
সঠিক উত্তর : খ.

৩৫. সম্রাট অশোক কোন বংশের শাসক ছিলেন?
ক. গুপ্ত  খ. মৌর্য
গ. পাল  ঘ. পাঠান

ব্যাখ্যা: • ভারতীয় উপমহাদেশের প্রথম সাম্রাজ্য - মৌর্য সাম্রাজ্য
• বৌদ্ধ ধর্মকে রাজধর্ম হিসেবে স্বীকৃতি দেন - অশোক।
• অশোক বৌদ্ধধর্ম গ্রহণ করেন - কলিঙ্গ যুদ্ধের ভয়াবহতা দেখে।
সঠিক উত্তর : খ.

৩৬. জাতিসংঘ বিশ্ববিদ্যালয় কোথায়?
ক. যুক্তরাজ্যে  খ. চীনে
গ. যুক্তরাষ্ট্রে  ঘ. জাপানে

ব্যাখ্যা: জাতিসংঘ বিশ্ববিদ্যালয় অবস্থিত - জাপানের টোকিওতে
সার্ক বিশ্ববিদ্যালয় অবস্থিত - ভারতের নয়াদিল্লীতে।
সঠিক উত্তর : ঘ.

৩৭. 'আসাদের শার্ট' কবিতাটির রচয়িতা কে?
ক. সিকান্দার আবু জাফর  খ. আবু জাফর ওবায়দুল্লাহ্
গ. নির্মলেন্দু গুণ  ঘ. শামসুর রাহমান

ব্যাখ্যা: পুরো নাম - আমানুল্লাহ মোহাম্মদ আসাদুজ্জামান
• ১৯৬৯ সালের আইয়ুব খানের পতনের দাবীতে মিছিলের সময় ২০ জানুয়ারী ১৯৬৯ - এ পুলিশের গুলিতে নিহত হন।
• ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের এম. এ শেষ বর্ষের ছাত্র ছিলেন।
• শহীদ আসাদ কে নিয়ে কবিতা - শামসুর রাহমানের 'আসাদের শার্ট', হেলাল হাফিজের 'নিষিদ্ধ সম্পাদকীয়'
সঠিক উত্তর : ঘ.

৩৮. ব্যাডমিন্টন যে দেশের জাতীয় খেলা-
ক. চীন  খ. মালয়েশিয়া
গ. নেপাল  ঘ. স্কটল্যান্ড

ব্যাখ্যা: মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ার জাতীয় খেলা ব্যাডমিন্টন।
সঠিক উত্তর : খ.

৩৯. বাংলার প্রথম স্বাধীন সুলতান ছিলেন-
ক. হাজি ইলিয়াস শাহ্  খ. ফখরুদ্দিন মোবারক শাহ্
গ. হুসাইন শাহ্  ঘ. মোহাম্মদ ঘোরি

ব্যাখ্যা: বাংলায় প্রথম স্বাধীন সুলতান - ফখরুদ্দীন মোবারক শাহ
বাংলার শেষ স্বাধীন সুলতান - গিয়াসউদ্দীন মাহমুদ শাহ
সঠিক উত্তর : খ.

৪০. নিচের কোনটি ইউনেস্কো কর্তৃক ওয়ার্ল্ড হেরিটেজ হিসেবে ঘোষিত হয়েছে?
ক. ষাট গম্বুজ মসজিদ  খ. জাতীয় জাদুঘর
গ. সেন্ট মার্টিন আইল্যান্ড  ঘ. আহসান মঞ্জিল

ব্যাখ্যা: UNESCO ঘোষিত ওয়ার্ল্ড হেরিটেজ সাইট বাংলাদেশে - তিনটি।
• ষাট গম্বুজ মসজিদ  • পাহাড়পুর বৌদ্ধ বিহার  • সুন্দরবন
সঠিক উত্তর : ক.

৪১. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময়ে ঢাকা..... এর অন্তর্ভুক্ত ছিল।
ক. সেক্টর ১  খ. সেক্টর ২
গ. সেক্টর ৩  ঘ. সেক্টর ৪

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহর - ২নং সেক্টরে
ঢাকা জেলার অন্যান্য অংশ - ৩নং সেক্টরের অন্তর্ভুক্ত ছিল।
সঠিক উত্তর : খ.

৪২. নিচের কোন দিবসটি ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'কালো দিবস' হিসেবে পালিত হয়?
ক. ২৩ আগস্ট  খ. ২৫ আগস্ট
গ. ২৫ মার্চ  ঘ. ১৩ মার্চ

ব্যাখ্যা: ২০০৭ সালে ২৩ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয় খেলার মাঠে ছাত্রদের সাথে সেনাসদস্যদের সংঘর্ষ বাধে। এই সংঘর্ষে অনেক আহত হয়। এই দিনটি ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'কালো দিবস' হিসেবে পালিত হয়।
সঠিক উত্তর : ক.

৪৩. নিচের কোন জায়গায় জমির সামাজিক মালিকানা নেই?
ক. রাঙ্গামাটি  খ. খাগড়াছড়ি
গ. বান্দরবন  ঘ. চট্টগ্রাম
সঠিক উত্তর : ঘ.

৪৪. 'লেডি উইথ দ্য ল্যাম্প' হিসেবে পরিচিত কে?
ক. সরোজিনী নাইডু  খ. হেলেন কেলার
গ. ফ্লোরেন্স নাইটিঙ্গেল  ঘ. মাদার তেরেসা

ব্যাখ্যা: সরোজিনী নাইডু - The Nightingale of India
ফ্লোরেন্স নাইটিঙ্গেল - The lady with the Lamp
সঠিক উত্তর : গ.

৪৫. ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব এর উদ্ভাবক-
ক. মার্ক এলিওট জুকারবার্গ  খ. টিমথি জন বার্নারস-লি
গ. জাভেদ করিম  ঘ. চ্যাড হারলে

ব্যাখ্যা: প্রথম ইন্টারনেট নেটওয়ার্ক - ARPANET
www. এর জনক - টিমথি জন বার্নারস লি
ইন্টারনেটের জন্ম হয় - ১৯৬৯ সালে
সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৪৬. এক সকালে তুমি গলা ব্যথা ও সর্দি নিয়ে ঘুম থেকে উঠলে। ডাক্তার তোমাকে পরীক্ষা করে বললেন এন্টিবায়োটিকে তোমার রোগ ভালো হবে না। নিচের কোনটি ডাক্তারের এরূপ মন্তব্যের কারণ ব্যাখ্যা কর?
ক. এন্টিবায়োটিকে রোগ বেড়ে যেতে পারে
খ. এন্টিবায়োটিকের পরিবর্তে তোমার টিকা নেওয়া প্রয়োজন
গ. তোমার জন্য এন্টিবায়োটিক নয় এন্টিসেপ্টিক প্রয়োজন
ঘ. তোমার ভাইরাসের সংক্রমণ ঘটেছে

সঠিক উত্তর : খ.

৪৭. 'ছিয়াত্তরের মন্বন্তর' বাংলা কোন সনে সংঘটিত হয়?
ক. ১০৭৬ খ. ১১৭৬
গ. ১২৭৬ ঘ. ১৩৭৬

ব্যাখ্যা: ছিয়াত্তরের মন্বন্তর সংঘটিত হয় - ১১৭৬ বঙ্গাব্দে; ১৭৭০ সালে
- ছিয়াত্তরের মন্বন্তরের কারণ - দ্বৈতশাসন ব্যবস্থা
সঠিক উত্তর : খ.

৪৮. ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে কোন সালে?
ক. ১৮৫৮ খ. ১৯০৫
গ. ১৯১১ ঘ. ১৯৪৭

ব্যাখ্যা: ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের পর ১৮৫৮ সালে ভারতের শাসনভার ব্রিটিশ সরকার ইস্ট ইন্ডিয়া কোম্পানি থেকে তুলে নেয়।
সঠিক উত্তর : ক.

৪৯. বাংলাদেশ-ভারত ছিটমহল বিনিময় চুক্তি কার্যকর হয় ২০১৫ সালের কোন মাসে?
ক. জানুয়ারি খ. মার্চ
গ. জুন ঘ. আগস্ট

ব্যাখ্যা: ২০১৫ সালের ৩১১ জুলাই মধ্যরাতের পর। অর্থাৎ, আগস্ট মাস থেকে।
সঠিক উত্তর : ঘ.

৫০. গৌতম বুদ্ধের জন্মস্থান লুম্বিনী হলো-
ক. ভারতে খ. ভুটানে
গ. শ্রীলঙ্কায় ঘ. নেপালে

ব্যাখ্যা: - গৌতম বুদ্ধের জন্মস্থান - লুম্বিনী, নেপাল
- গৌতম বুদ্ধের জন্ম - খ্রিস্টপূর্ব ৬২৩ অব্দে
- গৌতম বুদ্ধ দিব্যজ্ঞান লাভ করেন - বুদ্ধগয়াতে
সঠিক উত্তর : ঘ.

## Elective English

**1. High levels of absenteeism, reduced productivity, uncharacteristic accidents or bad decisions are *tell tale* signs of depression. Here 'tell tale' means :**
A. superficial B. revealing
C. superfluous D. fertile

ব্যাখ্যা: Tell tale - Indicator, Signal, or Sign that conveys the status of a situation, or system
Reveal - দৃষ্টিগোচর করানো
**Ans : B.**

**2. Find a related pair of words or phrases that best expresses a relationship similar to that expressed in the original pair in capital-DIGRESSIVE : STATEMENT**
A. slanderous : Slur B. tangential : presupposition
C. biased : opinion D. circuitous : route

ব্যাখ্যা: বিবৃতি/আলোচনা (Statement) থেকে বিচ্যুতি ঘটলে আলোচনা অপ্রাসঙ্গিক (Digressive) হয়।
রাস্তার দিক (Route) থেকে বিচ্যুত হলে রাস্তা আঁকা বাঁকা (Circuitous) হয়।
**Ans : D.**

***Choose the word or set of words for each blank that fits the meaning of the sentence as a whole (questions 3-5)***

**3. Liberty is not easy, but it is far better to be an ___ fox, hungry and threatened on its hill than a ___ canary safe and secure in its cage.**
a. aging, young b. angry, content
c. imperious, lethargic d. unfettered, well-fed

**Ans : D.**

**4. If I ____ Aladin's magic lamp, I ____ all the problems of our country.**
A. had, will solve B. had had, would have solved
C. have had, would solve D. had, would have solved

ব্যাখ্যা: 3rd Conditional এর Example
**Ans : B.**

**5. In Germany, her startling powers as a novelist are widely _____ but she is almost unknown in the English speaking world because of the difficulties of _____ her eccentric prose.**
A. ignored, editing B. admired, translating
C. espoused, revealing D. obscured, comprehending

**Ans : B.**

**6. An antonym of 'eerie' is :**
A. bizarre B. ordinary
C. supercilious D. weird

ব্যাখ্যা: Eerie - রহস্যজনক, আতঙ্কজনক
Synonym - Bizarre, Fantastic, Fearful, Ghostly, Mysterious
Antonym - Funny, Normal, Ordinary
**Ans : B.**

***Fill up the gaps with the best option (Questions 7-14)***

**7. You are at loggerheads, when ____**
A. you are in strong disagreement
B. you are in a confused state of mind
C. you are cutting wood into logs
D. you are unable to think logically

ব্যাখ্যা: Loggerheads - প্রবল মতানৈক্য
**Ans : A.**

**8. Melbourne has ____ its status as the world's most livable city for a fourth ____ year.**
A. retained, consecutive B. sustained, repeated
C. prolonged, successive D. maintained, consecutive

ব্যাখ্যা: Retain - অবস্থান ধরে রাখা; Consecutive - ধারাবাহিকভাবে
**Ans : A.**

**9. The evil of class and race hatred must be eliminated while still in ____ state.**
A. an embryonic B. the budding
C. a dormant D. the growing

ব্যাখ্যা: Embryonic - প্রাথমিক অবস্থা
Budding - অঙ্কুরিত অবস্থায়
Dorment - সুপ্ত অবস্থায়
Growing - বাড়ন্ত অবস্থায়
Fill in the gaps - এ অপশন (D) ই Perfect.
**Ans : A.**

**10. A 'dirge' is a song to be sung at ____**
A. weddings B. reunions
C. funerals D. temples

ব্যাখ্যা: Dirge - অন্ত্যেষ্টিক্রিয়ার সময় যে শোকগীতি গাওয়া হয়।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**11. The narrator of a novel written in the third person is called ____ narrator.**
A. a dedicated B. an omniscient
C. a ubiquitous D. an evanescent
ব্যাখ্যা: Omniscient Narrator - 'All knowing' kind of narrator very commonly found in works of fiction written as third-person narratives.
**Ans : B.**

**12. London is being ____ by outrageous crimes against architectural taste.**
A. racked up B. wrecked
C. whacked D. roughed up
ব্যাখ্যা: Wreck - ধ্বংসের দিকে এগিয়ে যাওয়া, ধ্বংসপ্রাপ্ত হওয়া।
**Ans : B.**

**13. Anger, even when it is ___ has no virtue; it overcomes ___**
A. sinful, sloth B. inevitable, reason
C. unnecessary, malice D. Intense, hate
ব্যাখ্যা: Inevitability - অনিবার্যতা, অবশ্যম্ভাবিতা
**Ans : B.**

**14. Wars ____ everybody, and their destructive ____ last for generations.**
A. affects, effects B. effect, affect
C. affect, effects D. effect, effect
ব্যাখ্যা: Affect - প্রভাবিত করা; Effect - ফলাফল, পরিণতি
**Ans : C.**

**15. The word 'Reminise' is ____**
A. a verb B. an adjective C. a noun D. an adverb
ব্যাখ্যা: Reminisce - v - স্মৃতিচারণ করা
Reminiscent - adj - স্মরণ করিয়ে দেয় এমন
**Ans : A.**

**16. The bank will not accept the guarantee of <u>a man of straw</u>. The underlined phrase means :**
A. one who refuses to surrender
B. a man of no substance
C. one who never thinks of material gains
D. a liar
ব্যাখ্যা: A man of straw - দুর্বল / মূল্যহীন ব্যক্তি
**Ans : B.**

***Read the following passage and answer questions 17-21 :***
There is a popular perception that the reason behind the lack of economic dynamism in a range of countries is the lack of ***entrepreneurship.*** The reality is that people who live in poor countries have to be very entrepreneurial even just to survive. For every ***loiterer*** in a developing country, You have two or three children shining shoes and four or five people hawking things. What makes the poor countries poor is not the absence of entrepreneurial energy at the personal level, but the absence of productive technologies and devloped social institutions, especially modern firms. The increasingly ***apparent*** problems with micro-credit - very small loans given to poor people in developing countries with the ***pronounced*** aim of helping them set up business-shows the limitations of individual entrepreneurship. Especially in the last century, entrepreneurship has become a collective activity, and so the poverty of collective organization has become an even bigger ***obstacle*** to economic development than the deficient entrepreneurial spirits of individuals.

**17. A suitable title for the passage would be :**
A. Entrepreneurship in poor and rich countries
B. What makes the poor countries poor
C. Limitations of individual entrepreneurship
D. Collective organizations as obstacles to development.
**Ans : C.**

**18. According to the author of the passage, which of the following is true?**
A. People in poor countries lack entrepreneurial spirit.
B. People in rich countries exhibit plenty of entrepreneurial energy.
C. Micro-credit is an effective strategy for large-scale proverty reduction.
D. People in poor countries are more entrepeneurial than people in rich countries.
ব্যাখ্যা: Passage এ উল্লেখ আছে, গরীব রাষ্ট্রের মানুষদের বেশী উদ্যোক্তা (entrepreneurial) হতে হয় টিকে থাকার জন্য।
**Ans : D.**

**19. The word 'loiterer' means :**
A. destitute and disoranized B. dishonest person
C. lazy in an aimless manner D. ruthlessly ambitious
ব্যাখ্যা: Loiter - ইতস্তত ঘুরে বেড়ানো
**Ans : C.**

**20. In the passage, the word 'obstacle' refers to :**
A. poverty and lack of opportunity
B. lack of institutions
C. Lack of entrepreneurial spirit
D. domination of the rich
**Ans : A.**

**21. The word 'pronounced' in the passage implies :**
A. stated B. secret C. unreal D. genuine
ব্যাখ্যা: Pronounce - ঘোষণা করা।
**Ans : A.**

**22. substitution of an unpleasant or vulgar expression is called :**
A. euphemism B. alliteration
C. allusion D. eponym
ব্যাখ্যা: Euphemism - সুভাষণ ; সত্যিকার শব্দের পরিবর্তে অন্য শব্দের ব্যবহার
**Ans : A.**

**23. When we say someone is 'occidental' we mean he/she is associated with :**
A. Europe and America B. the occult and the oriental
C. Asia Minor D. occupational therapy
ব্যাখ্যা: Occident - পশ্চিম গোলার্ধের অর্থাৎ ইউরোপ ও আমেরিকার দেশ সমূহ।
**Ans : A.**

**24. Choose the correct sentence :**
A. Whose does house belong to?
B. To whom does the house belong to?
C. Whose does house belong to?
D. Who belongs to the house?
ব্যাখ্যা: চারটি অপশনই ভুল।
**Ans : Blank.**

**25. The antonym of 'flout' is :**
A. disregard B. approve
C. break D. change
ব্যাখ্যা: Flout - বিরোধতা করা, তাচ্ছিল্য করা।
Approve - অনুমোদন করা
**Ans : B.**

আমার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার